



নারী শিক্ষার্থীদের নিয়ে উদ্যোগ 'ইয়েস সি ক্যান'

দেশব্যাপী নারী শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তি, স্বাস্থ্যসহ অন্যান্য বিষয়ে শিক্ষা দিতে 'ইয়েস সি ক্যান' নামে একটি উদ্যোগ নিয়েছে বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্বর্ণ কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশন এবং মাইক্রোসফট বাংলাদেশ লিমিটেড। এই উদ্যোগে শিক্ষার্থীদের প্রযুক্তি শিক্ষার পাশাপাশি প্রকৃতি ও তাদের বসবাসের চারপাশ সম্পর্কে ধারণা দিয়ে দারিদ্র্য দূরীকরণে ভূমিকা রাখতে উদ্বুদ্ধ করা হবে। এতে দেশের প্রতিটি জেলায় ভাষাভেদে প্রযুক্তি প্রশিক্ষণের মাধ্যমে একটি নেটওয়ার্ক গড়ে তোলা হবে। এই তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণের নাম দেয়া হয়েছে 'ইয়েস সি ক্যান'। সম্প্রতি এ উদ্যোগের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ৬৪ জেলার ৭০ জনকে ল্যাপটপ প্রদানের মাধ্যমে 'ইয়েস সি ক্যান' প্রকল্পের উদ্বোধন ঘোষণা করেন। এ সময় জুনাইদ আহমেদ পলক বলেন, বাংলাদেশ এখন নারী শিক্ষায় খুবই এগিয়ে। এখন আমাদের নজর দিতে হবে শিক্ষা থেকে নারী শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ করা এবং মানসম্মত শিক্ষার দিকে। তিনি বলেন, প্রযুক্তির

উন্নয়নে এখন গ্রামের শিক্ষার্থীরাও তা ব্যবহার করে মূলধারার শিক্ষার সঙ্গে সংযুক্ত হতে পারছে। দিনব্যাপী এই অনুষ্ঠানে শিক্ষার্থীদের কম্পিউটার চালানোর প্রাথমিক কিছু বিষয় যেমন, ইন্টারনেট এক্সপ্লোরার ব্রাউজ, ট্রাবলশটিং, মাইক্রোসফট অফিস, মাইক্রোসফট এক্সেল ও আউটলুক বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও ফাইপের মাধ্যমে কিভাবে ডিভিও কনফারেন্সে যুক্ত হওয়া যায় তারও প্রশিক্ষণ দেয়া হয়েছে।

মাইক্রোসফট বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক সোনিয়া কবির বলেন, মাইক্রোসফট এই উদ্যোগের অংশীদার হতে পারে গর্বিত। এখানে নারী, শিক্ষা এবং প্রযুক্তির মতো উন্নয়নের তিনটি মূল চাবিকাঠি আছে। তিনি বলেন, ব্যক্তিগতভাবে আমি নারীদের প্রযুক্তি জগতে নিয়ে আসতে পছন্দ করি। আমি চাই তারা যেন উদ্যোক্তা হয়ে ওঠেন। মাইক্রোসফট ভবিষ্যতেও প্রযুক্তিনির্ভর এ ধরনের উদ্যোগের সঙ্গে থাকবে বলে জানান তিনি। 'ইয়েস সি ক্যান' প্রকল্পের আরেক অংশীদার বেসরকারি উন্নয়ন সংস্থা স্বর্ণ কিশোরী ফাউন্ডেশন ২০১২ সাল থেকে নারী শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা ও স্বাস্থ্য নিয়ে কাজ করে আসছে। সংবাদ বিজ্ঞপ্তি।